

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**

**পরিকল্পনা ১ শাখা**

**বিষয়ঃ** ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের সেপ্টেম্বর ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

৩১/১০/২০১৭ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের সেপ্টেম্বর ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মোঃ আনিষুর রহমান।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃদ্দের তালিকা পরিষিষ্ঠ ‘ক’ তে সংযোজিত।

৩। সভাপতি তাঁর সূচনা বক্তব্যে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অবস্থিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে ০৭টি অনুমোদিত এবং ১৫টি অননুমোদিত প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৭-১৮ অর্থ বছরে অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দ রয়েছে ৩৩৩২৭.০০ লক্ষ টাকা এবং থেক বরাদ্দ রয়েছে ১০৯৬৩.০০ লক্ষ টাকা। সেপ্টেম্বর, ২০১৭ পর্যন্ত অবমুক্ত রয়েছে ৮৪৮৭.৮২ লক্ষ টাকা (২৫.৪৭%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ৮০৯৫.৩৯ লক্ষ টাকা (২৪.২৯%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন কর্তৃপক্ষ
৩.১	<p><b>“মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)”</b> শীর্ষক প্রকল্প</p> <p>সভায় জানানো হয় যে, “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের চাহিদা অনুযায়ী চলতি অর্থবছরের এডিপিতে বরাদ্দ পাওয়া যাইয়া পাওয়া না গেলে শিক্ষকদের সম্মান যথাসময়ে প্রদান করা সম্ভব হবে না। সভাপতি সংশোধিত এডিপিতে অতিরিক্ত অর্থ বরাদ্দ পাওয়া না গেলে শিক্ষকদের সম্মান যথাসময়ে প্রদান করতে চাইলে, সেক্ষেত্রে বিবেচ্য প্রকল্পের অনুকূলে উক্ত বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখতে হবে।</p> <p>সমর্পণ করতে চাইলে, সেক্ষেত্রে বিবেচ্য প্রকল্পের অনুকূলে উক্ত বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন। সভায় প্রকল্পের আওতায় ছাত্র/ছাত্রী ও শিক্ষকদের ডাটা-বেইজ করার জন্য যে সফ্টওয়্যার তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়েছে, সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় ডাটা-বেইজে ছাত্র/ছাত্রী ও শিক্ষকদের সংক্ষিপ্ত তথ্য প্রদান এবং তথ্য হালনাগাদকরণ কার্যক্রম সহজিকরণের পরামর্শ প্রদান করা হয়। সভাপতি যুগ্মসচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে প্রকল্প পরিচালক, কম্পিউটার কাউন্সিলের প্রতিনিধি এবং সফ্টওয়্যার তৈরির কাজে জড়িত কোম্পানীসহ একটি সভা আহবান করতে হবে।</p> <p>গ) শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সংবলিত ডাটা -বেইজে ছাত্র/ছাত্রী ও শিক্ষকদের সংক্ষিপ্ত তথ্য প্রদান এবং তথ্য হালনাগাদকরণ কার্যক্রম সহজিকরণ করতে হবে।</p> <p>ঘ) শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সংবলিত ডাটা-বেইজের বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ/পরামর্শ গ্রহণের জন্য যুগ্মসচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে প্রকল্প পরিচালক, কম্পিউটার কাউন্সিলের প্রতিনিধি এবং সফ্টওয়্যার তৈরির কাজে জড়িত কোম্পানীসহ একটি সভা আহবান করতে হবে।</p> <p>ঘ) নভেম্বর - ডিসেম্বর মাসে প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা ডাকতে হবে।</p>	<p>ক) “মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের অনুকূলে সংশোধিত এডিপিতে অতিরিক্ত বরাদ্দের জন্য প্রচেষ্টা গ্রহণ এবং অর্থবছরের শেষ পর্যায়ে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ জিওবি অর্থ সমর্পণ করতে চাইলে, সেক্ষেত্রে বিবেচ্য প্রকল্পের অনুকূলে উক্ত বরাদ্দ প্রদানের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখতে হবে।</p> <p>খ) শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সংবলিত ডাটা-বেইজে ছাত্র/ছাত্রী ও শিক্ষকদের সংক্ষিপ্ত তথ্য প্রদান এবং তথ্য হালনাগাদকরণ কার্যক্রম সহজিকরণ করতে হবে।</p> <p>গ) শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সংবলিত ডাটা-বেইজের বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ/পরামর্শ গ্রহণের জন্য যুগ্মসচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে প্রকল্প পরিচালক, কম্পিউটার কাউন্সিলের প্রতিনিধি এবং সফ্টওয়্যার তৈরির কাজে জড়িত কোম্পানীসহ একটি সভা আহবান করতে হবে।</p> <p>ঘ) নভেম্বর - ডিসেম্বর মাসে প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা ডাকতে হবে।</p>	<p>ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও প্রকল্প পরিচালক</p> <p>খ) প্রকল্প পরিচালক</p> <p>গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালক</p> <p>ঘ) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.২	<p><b>মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ-২য় পর্যায় প্রকল্প</b></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির উপর পরিকল্পনা কমিশনে ৩০/১০/২০১৭ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রকল্পটি সুপারিশ করা হয়েছে। সভাপতি পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী দুটি পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণের অনুরোধ জানান।</p>	<p>প্রকল্পের পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী দুটি পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>

চলমান পৃঃ/২)

৩.৩	<p><u>ইসলামী পুষ্টক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পের জনবল নিয়োগ কার্যক্রম অব্যাহত আছে। প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী পুষ্টক মুদ্রণ কার্যক্রম চলমান রয়েছে। সিনিয়র সহকারী প্রধান সভাকে অবহিত করেন যে, মোট প্রকল্প ব্যয়ের অর্ধেক জিওবি এবং অর্ধেক সংস্থার নিজস্ব অর্থায়ন। সভাপতি পরবর্তী সভা হতে নিজস্ব অর্থে বাস্তবায়নযোগ্য কাজের আর্থিক ও বাস্তব অগ্রগতি সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন এবং নিজস্ব অর্থায়নে যে সকল কাজ করার প্রতিশিন রয়েছে তা সম্পাদন করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদের জন্য ইসলামিক ফাউন্ডেশনকে অনুরোধ জানান।</p>	<p>ক) প্রকল্পের আওতায় নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আগামী সভায় এ সংক্রান্ত বিষয়ে অগ্রগতি সভায় উপস্থাপন করতে হবে।</p> <p>খ) পরবর্তী সভা হতে নিজস্ব অর্থে বাস্তবায়নযোগ্য কাজের আর্থিক ও বাস্তব অগ্রগতি সভায় উপস্থাপন করতে হবে।</p> <p>গ) নিজস্ব অর্থায়নে যে সকল কাজ করার প্রতিশিন রয়েছে তা সম্পাদন করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ করতে হবে।</p>	<p>ক) প্রকল্প পরিচালক</p> <p>খ) প্রকল্প পরিচালক</p> <p>গ) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.৪	<p><u>ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরীতে পুষ্টক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প</u></p> <p>প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের আওতায় পুষ্টক ক্রয়ের জন্য বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। জেলা পর্যায়ে আসবাবপত্র সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সভাপতি আগামী সভার পূর্বেই আর্থিক অগ্রগতি সম্পোজিনক পর্যায়ে উন্নীতকরণ এবং পুষ্টক নির্বাচন ও ক্রয় কার্যক্রম দুট সম্পন্ন করতে হবে।</p> <p>খ) প্রকল্পের আওতায় প্রস্তাবিত লাইব্রেরী ম্যানেজমেন্ট সফ্টওয়্যার এবং পুষ্টক স্ক্যানিং কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।</p>		<p>ক) প্রকল্প পরিচালক</p> <p>খ) প্রকল্প পরিচালক</p>
৩.৫	<p><u>প্রতি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প</u></p> <p>সভাপতি “প্রতি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্পের প্রতিটি সভায় স্থাপত্য অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি রাখার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।</p>	<p>“প্রতি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন” শীর্ষক প্রকল্পের প্রতিটি সভায় স্থাপত্য অধিদপ্তর এবং গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি রাখার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও প্রকল্প পরিচালক</p>
৩.৬	<p><u>মন্দির ভিত্তিক শিশু ও গবেষণা কার্যক্রম-৫ম পর্যায় প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির ওপর গত ১৮.০৯.২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়। সভাপতি পিইসি সভার সিদ্ধান্তের আলোকে পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে দুট প্রেরণের অনুরোধ জানান।</p>	<p>প্রকল্পের পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী দুট পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</p>
৩.৭	<p><u>ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প</u></p> <p>সভায় সংশোধিত অনুমোদিত প্রকল্প অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখা এবং অতিরিক্ত বরাদের জন্য পরিকল্পনা কমিশনের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।</p>	<p>ক) প্রকল্পের সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p> <p>খ) প্রকল্পের অতিরিক্ত বরাদের জন্য পরিকল্পনা কমিশনের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রাখতে হবে।</p>	<p>ক) প্রকল্প পরিচালক</p> <p>খ) প্রকল্প পরিচালক</p>

৪

(চলমান পৃঃ/৩)

৩.৮	<p><u>প্যাগোড়া ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প</u></p> <p>সভায় অনুমোদিত ডিপিপি'র প্রতিশন অনুযায়ী ওয়ার্কশপ ও প্রকল্প মূল্যায়ন কার্যক্রম ডিসেম্বর'১৭ এর মধ্যে সম্পন্ন করার উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া, প্রস্তাবিত ২য় পর্যায়ের প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়।</p>	<p>ক) অনুমোদিত ডিপিপি'র প্রতিশন অনুযায়ী ওয়ার্কশপ ও প্রকল্প মূল্যায়ন কার্যক্রম ডিসেম্বর'১৭ এর মধ্যে সম্পন্ন করতে হবে।</p> <p>খ) প্রকল্পটির ২য় পর্যায়ের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>ক) প্রকল্প পরিচালক</p> <p>খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট</p>
৩.৯	<p><u>৩টি পার্বত্য জেলায় ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন ও সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী হাসপাতাল স্থাপনের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের ক্ষেত্রে বান্দরবান ও খাগড়াছড়ি জেলার জন্য সম্মতি পাওয়া গেছে এবং রাঙামাটি জেলার জন্য সম্মতি পাওয়া যায়নি। সভাপতি রাঙামাটি জেলার বিষয়ে সম্মতি পাওয়ার জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য ইসলামিক ফাউন্ডেশনকে নির্দেশনা প্রদান করেন।</p>	<p>আলোচ্য প্রকল্পের আওতায় রাঙামাটি জেলায় ইসলামিক মিশন হাসপাতাল স্থাপনের বিষয়ে সম্মতি পাওয়ার জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে ইসলামিক ফাউন্ডেশন প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।</p>	<p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.১০	<p><u>গোপালগঞ্জ ইসলামিক মিশন স্বাস্থ্যসেবা এবং ইমাম প্রশিক্ষণ কমপ্লেক্স স্থাপন প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির ওপর অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ১৯/১০/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। বর্তমানে প্রকল্পটি অনুমোদনার্থে পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন আছে। সভাপতি প্রকল্পটি দুর্তার সাথে অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষার নির্দেশনা প্রদান করেন।</p>	<p>প্রকল্পটি দুর্তার সাথে অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.১১	<p><u>সিরাতা, ময়মনসিংহ ও কালিকিনী, মাদারীগুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গোনেষ্টিক সেন্টার শক্তিশালীকরণ প্রকল্প</u></p> <p>প্রকল্পটির পিইসি সভা ২৪.০৮.২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়েছে। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি দুর্তার সাথে পুনর্গঠনের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।</p>	<p>আলোচ্য প্রকল্পের পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠনপূর্বক মন্ত্রণালয়ে জরুরিভিত্তিতে প্রেরণ করতে হবে।</p>	<p>মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.১২	<p><u>ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটি এখনও মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েনি। এ বিষয়ে পরিচালক (পরিকল্পনা), ইসলামিক ফাউন্ডেশন সভাকে জানান যে, ময়মনসিংহ এবং কুমিল্লায় ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্পের ডিপিপি একত্রে প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নকশা প্রণয়ন করা হচ্ছে। সভাপতি স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নকশা প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করা এবং এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশনকে প্রয়োজনীয় যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন।</p>	<p>স্থাপত্য অধিদপ্তর কর্তৃক আলোচ্য প্রকল্পের নকশা প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে এবং এ বিষয়ে ইসলামিক ফাউন্ডেশনকে প্রয়োজনীয় যোগাযোগ রাখতে হবে।</p>	<p>স্থাপত্য অধিদপ্তর ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>
৩.১৩	<p><u>জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্প</u></p> <p>সভায় জানানো হয় যে, জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য গঠিত কমিটি ০৪.১০.২০১৭ তারিখে প্রকল্পটি পরিদর্শন করেছেন। সভায় কমিটির প্রতিবেদন দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।</p>	<p>জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত সম্পন্ন করতে হবে।</p>	<p>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন</p>

(চলমান পৃ:৮)

৩.১৪	<p><b>বাংলাদেশ ওয়াকফ প্রশাসনের নিজস্ব অর্থায়নে ২০ তলা ভিত্তি বিশিষ্ট ২ টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াকফ ভবনের উর্ধ্মুখী ৬ষ্ঠ, ৭ম ও ৮ম তলা নির্মাণ প্রকল্প</b></p> <p>সভায় জানানো হয় যে, আলোচ্য প্রকল্পের বাস্তব নির্মাণ কাজ শুরু করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।</p>	<p>আলোচ্য প্রকল্পের বাস্তব নির্মাণ কাজ শুরু করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।</p>	ওয়াকফ প্রশাসক
৩.১৫	<p><b>আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্প</b></p> <p>সভায় জানানো হয় যে, আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্পের স্থাপত্য নকশা প্রণয়নের জন্য গঠিত কমিটি ০৪.১০.২০১৭ তারিখে প্রকল্পটি পরিদর্শন করেছেন। সভাপতি দ্রুত প্রতিবেদন জমা দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।</p>	<p>আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্পের স্থাপত্য নকশা প্রণয়নের জন্য গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত প্রণয়ন করতে হবে।</p>	মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
৩.১৬	<p><b>ডিজিটাল ইনফরমেশন সিস্টেম ও ছাপাখানা আধুনিকীকরণ প্রকল্প</b></p> <p>সভায় পরিচালক (পরিকল্পনা), ইসলামিক ফাউন্ডেশন জানান যে, আলোচ্য প্রকল্পের ডিজিটাল ইনফরমেশন সিস্টেম ও ছাপাখানা আধুনিকীকরণ বিষয়টির কাজের প্রকৃতি ভিন্ন হওয়ায় পৃথকভাবে ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। এ প্রেক্ষিতে আলোচ্য প্রকল্পটি দু'টি কম্পোনেট এর আওতায় প্রস্তুতপূর্বক একটি ডিপিপি প্রণয়ন করে অনুমোদনার্থে পরিকল্পনা কমিশনে প্রেরণ করার বিষয়ে সভায় ঐকমত্য প্রকাশ করা হয়। একই সাথে ইতোপূর্বে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ‘মালিটিপল ল্যাংগুয়েজ ল্যাব’ এ প্রকল্পের অন্য একটি কম্পোনেট হিসাবে প্রদর্শন করা যেতে পারে।</p>	<p>প্রকল্পটি দু'টি/তিনটি কম্পোনেট এর আওতায় প্রস্তুতপূর্বক একটি ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
৩.১৭	<p><b>বায়তুল মোকাররম মসজিদ কমপ্লেক্স পুনঃনির্মাণ প্রকল্প</b></p> <p>সভায় জানানো হয় যে, বায়তুল মোকাররম মসজিদের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য ইতোমধ্যে সম্পাদিত প্রকল্পের মূল কাজের নকশার কিছু কাগজপত্র স্থপতি সংসদ লি: হতে সংগ্রহ করা হয়েছে। তবে মাস্টার প্ল্যান পাওয়া যায়নি। সভাপতি মাস্টার প্ল্যান সংগ্রহের জন্য ইসলামিক ফাউন্ডেশনকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করেন।</p>	<p>বায়তুল মোকাররম মসজিদের সম্প্রসারণ ও উন্নয়নের লক্ষ্যে গৃহীত মাস্টার প্ল্যান সংগ্রহের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।</p>	মহাপরিচালক , ইসলামিক ফাউন্ডেশন
৩.১৮	<p><b>হাফেজদের জন্য শিক্ষা কারিকুলাম প্রণয়ন ও সমর্থিত ইসলামি শিক্ষা কার্যক্রম চালুকরণ প্রকল্প</b></p> <p>সভায় জানানো হয় যে, প্রকল্পটির ডিপিপি প্রস্তুত করা হয়েছে, যা অতিসত্ত্ব মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।</p>	<p>“হাফেজদের জন্য শিক্ষা কারিকুলাম প্রণয়ন ও সমর্থিত ইসলামি শিক্ষা কার্যক্রম চালুকরণ” শীর্ষক প্রকল্পের ডিপিপি অবিলম্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</p>	মহাপরিচালক , ইসলামিক ফাউন্ডেশন
৩.১৯	<p><b>ঐতিহ্যবাহী পুরাতন মন্দির পুণ্যনির্মাণ/মেরামত/সংস্কার কর্মসূচি</b></p> <p>সভায় আলোচনা করা হয় যে, আলোচ্য বিষয়ে ইতোমধ্যে ২০০ কোটি টাকার সংস্থান রেখে একটি কর্মসূচি অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। ভারপ্রাপ্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় জানান যে, কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম এখন বন্ধ আছে। এ প্রেক্ষিতে সভায় উল্লেখ করা হয় যে, অর্থ বিভাগ কর্তৃক উক্ত কর্মসূচি অনুমোদিত না হলে পৃথকভাবে ডিপিপি প্রণয়ন করা হবে।</p>	<p>আলোচ্য প্রকল্পের আওতায় অর্থ বিভাগের জবাবের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
৩.২০	<p><b>বিবিধ :</b></p> <p>সভায় উল্লেখ করা হয় যে, আগামীতে এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যপত্রে আইএমইডি'র নিকট হতে সংগ্রহ করে গড় জাতীয় অগ্রগতি সংক্রান্ত তথ্য এবং বিগত বছরের একই সময়ের সাথে চলতি বছরের বর্তমান সময়ের অগ্রগতি সংক্রান্ত তুলনামূলক তথ্য উল্লেখ করতে হবে।</p>	<p>ক) এডিপিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যপত্রে আইএমইডি'র নিকট হতে সংগ্রহ করে গড় জাতীয় অগ্রগতি সংক্রান্ত তথ্য এবং বিগত বছরের একই সময়ের সাথে চলতি বছরের বর্তমান সময়ের অগ্রগতি সংক্রান্ত তুলনামূলক তথ্য উল্লেখ করতে হবে।</p>	ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং সকল সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালক

	<p>এছাড়া, কর্মকর্তাগণ কর্তৃক প্রকল্পের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন এবং আইএমইডি-এর প্রকল্প সংক্রান্ত সুপারিশের ওপর গৃহীত কার্যক্রমের প্রতিবেদন রিপোর্ট প্রাপ্তির এক মাসের মধ্যে আইএমইডি-তে প্রেরণ নিশ্চিতকরণের ওপর সভায় গুরুত্বারাপ করা হয়।</p>	<p>খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণ চলমান প্রকল্পসমূহ প্রয়োজনের ভিত্তিতে সরেজমিনে পরিদর্শন করবেন।</p>	<p>খ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, অর্থ বিভাগ, আইএমইডি, পরিকল্পনা কমিশন এবং সকল সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালক</p> <p>গ) আইএমইডি-এর প্রকল্প সংক্রান্ত সুপারিশের ওপর গৃহীত কার্যক্রমের প্রতিবেদন রিপোর্ট প্রাপ্তির এক মাসের মধ্যে আইএমইডি-তে প্রেরণ করতে হবে।</p> <p>গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং সকল সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালক</p>
--	---	---	---

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/-১২/১১/২০১৭ খ্রি.

মো: আনিছুর রহমান

ভারপ্রাপ্ত সচিব

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(চলমান পৃঃ/৬)

নম্বর-১৬.০০.০০০০.০০৮.০৮.১০৮.১৭.৪৮৮

তারিখ: ১৪.১১.২০১৭ খ্রি.

অনুলিপিঃ জাতার্থে ও কার্যার্থে (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়)।

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ যুগ্মসচিব, বাজেট-০৭]।
- ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- ০৫। ওয়াকফ প্রশাসক, ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ৪, নিউ স্ট্রাটন, ঢাকা।
- ০৬। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।  
[দৃঃ আঃ জনাব হাসনাত সাবরিনা, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২]।
- ০৭। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।  
[দৃঃ আঃ জনাব সৈয়দ রেজাউল মোর্শেদ, সহকারী প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর সার্কেল-১, বিভাগ-৩]।
- ০৮। যুগ্ম-সচিব( হজ্জ/সংস্থা/উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১০। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১১। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১২। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৩। উপসচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। প্রকল্প পরিচালক, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ১৬। প্রকল্প পরিচালক, “মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪৮ পর্যায়” শীর্ষক প্রকল্প, ঢাকা।
- ১৭। প্রকল্প পরিচালক “প্যাগোড় ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা” শীর্ষক প্রকল্প,  
জোবেদো ভিলা (২য় তলা), ৬৭/৪, এ পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা।
- ১৮। প্রকল্প পরিচালক, “ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ”  
শীর্ষক প্রকল্প, ৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা।
- ১৯। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ২০। প্রকল্প পরিচালক, ইসলামী পুষ্টক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ২১। প্রকল্প পরিচালক, “ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইবেরীতে পুষ্টক সংযোজন ও  
পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- ২২। সচিব, হিন্দু/বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ২৩। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
- ২৪। ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলা দেশ সচিবালয়, ঢাকা।
- ২৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
- ২৭। সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।
- ২৮। অফিস কপি/মাস্টার কপি।

১৪.১১.১৭

শেখ শামছুর রহমান  
সিনিয়র সহকারী প্রধান  
ফোন : ৯৫৭৭২৩৭।